

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
উপজেলা সমবায় অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম

নম্বর: ৪৭.৬১.৪৯১৮.০০০.১৮.০০১.২২.১৮২

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯

৩১ জুলাই ২০২২

#### অফিস আদেশ

উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন এবং বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন ত্রৈমাসিক ভিত্তিতে পরীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশিকার ৩নং অনুচ্ছেদের নির্দেশনার আলোকে এপিএ টিমে প্রশাসন, পরিকল্পনা, উন্নয়ন, বাজেট ও আইসিটি সংশ্লিষ্ট কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণের অংশগ্রহণ থাকবে। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ধভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও এপিএ টিমে অন্তর্ভুক্ত করার নির্দেশনা থাকায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সম্মুখে একটি এপিএ টিম গঠন করা হলো:

#### এপিএ টিম

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম, পদবী ও কর্মস্থল	পদবী
১।	মো: কাউসার আলী উপজেলা সমবায় অফিসার উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম	টিম লিডার
২।	মো: জাহাঙ্গীর আলম সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম	সদস্য
৩।	দিলীপ কুমার রায় অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম	সদস্য
৪।	মো: হারুন অর রশীদ সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম	ফোকাল পয়েন্ট

০২। এখানে উল্লেখ্য যে, জনাব মো: জাহাঙ্গীর আলম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম বিকল্প ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করবেন।


কমিটির কার্যপরিধি: (TOR):

১। টিমের সদস্যরা প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে এবং এপিএ সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে, টিম লিডার সভায় সভাপতিত্ব করবেন;

২। ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ করবেন, উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

৩। ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশ এবং ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা/থাকার বিষয়টি নিশ্চিত করবেন;

০৩। এ সংক্রান্ত কর্মকান্ডে কোনো প্রকার গাফিলতি দেখা দিলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।



৩১-৭-২০২২

মো: কাউসার আলী

উপজেলা সমবায় অফিসার

ফোন: ০১৭১৬৪১৫৯৯০


নম্বর: ৪৭.৬১.৪৯১৮.০০০.১৮.০০১.২২.১৮২/১(৫)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯

৩১ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জৌষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১) জনাব মো: জাহাঙ্গীর আলম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমবায় অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম
- ২) জনাব মো: হারুন অর রশীদ, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমবায় অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম
- ৩) জনাব দিলীপ কুমার রায়, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (রুটিন দায়িত্ব), উপজেলা সমবায় অফিস, উপজেলা সমবায় অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম
- ৪) জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা সমবায় অফিস, কুড়িগ্রাম
- ৫) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর



৩১-৭-২০২২

মো: কাউসার আলী

উপজেলা সমবায় অফিসার